গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১

www.imed.gov.bd

## নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

### ক. প্রকল্পের বিবরণীঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | প্রকল্পের নাম | : | “সকল জেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)” |
| ২. | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ৩. | বাস্তবায়নকারী সংস্থা | : | গণপূর্ত অধিদপ্তর |
| ৪. | প্রকল্পের অবস্থান | : | সমগ্র বাংলাদেশ। |

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :**

| অনুমোদনের পর্যায় | মেয়াদ | অনুমোদিত ব্যয়<br>মোট<br>জিওবি<br>পিএ<br>সংস্থার অর্থ | হ্রাস/বৃদ্ধি (%) | |
|---|---|---|---|---|
| | | | মূল ডিপিপির তুলনায় | সর্বশেষ অনুমোদনের তুলনায় |
| মূল | জুলাই ২০১০ – জুন ২০১৩ | ১১৮৭৮.০৯<br>১১৮৭৮.০৯<br>-<br>- | - | - |
| সংশোধিত (১ম) | জুলাই ২০১০ – জুন ২০১৩ | ১৩০২০.০০<br>১৩০২০.০০<br>-<br>- | | |
| সংশোধিত (২য়) | জুলাই ২০১০ – জুন ২০১৫ | ১৫২৬৬.৭৬<br>১৫২৬৬.৭৬<br>-<br>- | | |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম) | জুলাই ২০১০ – জুন ২০১৬ | - | | |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য়) | জুলাই ২০১০ – জুন ২০১৭ | - | | |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (৩য়) | জুলাই ২০১০– জুন ২০১৮ | - | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (৪র্থ) | জুলাই ২০১০ – জুন ২০১৯ | - | | |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (৫ম) | জুলাই ২০১০ – জুন ২০২০ | - | | |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (৬ষ্ঠ) | জুলাই ২০১০ – জুন ২০২১ | - | | |

৬. **ক্রমপুঞ্জিত অগ্রগতি:** আগস্ট ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৩৫৩৩.০০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ৮৮%।

৭. **প্রকল্পের উদ্দেশ্যঃ**

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে মুক্তিযুদ্ধের চেতনা জোরদার এবং মুক্তিযোদ্ধাদের কল্যাণার্থে দেশের ৬৪টি জেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ। প্রকল্পের আওতায় মুক্তিযোদ্ধাদের জন্য অফিস সংস্থান, দোকান এবং হলরুম ভাড়া দিয়ে তহবিল সংগ্রহের মাধ্যমে তাঁদের জন্য বিভিন্ন কল্যাণমুখী কাজ করা এবং ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের স্মৃতিকে উজ্জল ও মুক্তিযুদ্ধের চেতনা তুলে ধরা, জাতীয় দিবসে বিভিন্ন কমসূচী গ্রহণের মাধ্যমে জনগণের মধ্যে দেশপ্রেম জাগিয়ে তোলা এবং অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান করা ইত্যাদি।

৮. **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ**

- দেশের সকল জেলায় ১টি করে ৫ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৩ তলা ভবন নির্মাণ করা;
- প্রতি ফ্লোরের মোট আয়তন ২৫০০ বর্গফুট;
- ভবনের নীচ তলা বাণিজ্যিক ভিত্তিতে ভাড়া দেয়ার জন্য ৯টি দোকান এবং ২য় তলা অফিস/ব্যাংক/কমিউনিটি সেন্টার প্রভৃতি হিসেবে ভাড়া দেয়ার জন্য কমন স্পেস এবং টয়লেট নির্মাণ করা;
- ৩য় তলায় জেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের অফিস, ডেপুটি মুক্তিযোদ্ধা কমান্ডারের অফিস এবং সভা সেমিনার ইত্যাদি কক্ষ নির্মাণ করা;
- ভবনের চার দিকে সীমানা প্রাচীর নির্মাণ প্রাচীরের প্রধান ফটকে নাম ফলক এবং দেয়ালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল স্থাপন করা; এবং
- প্রতিটি ভবনের জন্য ১টি ফটোকপি মেশিন, ১টি কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার, ১টি ইউপিএস, ১টি এয়ারকন্ডিশন, ১টি ল্যাপটপ, ১টি ক্যামেরা, ১টি স্ক্যানার, ১টি প্রজেক্টর, ১টি ফ্যাক্স মেশিন, টেলিফোন সেট, ৪০টি সিলিং ফ্যান এবং চেয়ার টেবিলসহ অন্যান্য আসবাবপত্র।

## খ. পরামর্শকের কার্যপরিধি (ToR) :

৯.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও ডিপিপি'র লগফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা, বার্ষিক হালনাগাদকৃত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা পিপিআর অনুযায়ী ওয়বসাইটে প্রকাশ করা হয়েছে কিনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৮ প্রকল্প অনুমোদন, সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড় বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

৯.১১ প্রকল্পের উদ্দেশ্যে, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৯.১২ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠপর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৯.১৩ প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা ও প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১৪ কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

## ১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

| ক্রঃ | পরামর্শকের প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরামর্শক প্রতিষ্ঠান | | গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন। |
| ২. | (ক) টিম লিডারঃ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে বিএসসি ডিগ্রি। | • প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ সিভিল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;<br>• টিম লিডার হিসেবে ন্যূনতম০১ (এক) বছর কাজ করার অভিজ্ঞতা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতার পাশাপাশি বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেওয়া হবে;<br>• পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, Performance Security বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে;<br>• "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (অক্টোবর, ২০১৬)" বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে); এবং<br>• আইএমইডি'র MANUAL ON CONSTRUCTION WORKS (BUILDINGS) এর বিষয়ে ধারনা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে)। |
| | (খ) মিড লেভেল ইঞ্জিনিয়ার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে বিএসসি ডিগ্রি। | • প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ সিভিল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;<br>• পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, Performance Security বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে; এবং<br>• "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (অক্টোবর, ২০১৬)" (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে) এর উপর সুস্পষ্ট ধারণা থাকতে হবে। |
| | (গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হ তে সমাজ বিজ্ঞান/ অর্থনীতি/ সামাজিক বিজ্ঞান অনুষদের আওতাভুক্ত বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি | আর্থ-সামাজিক গবেষণা/ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| | (ঘ) ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিস্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ অর্থনীতি/ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি | সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা/ডাটা ম্যানেজমেন্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

১১. **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:**

| ক্রমিক | প্রতিবেদনের নাম | দাখিলের সময় |
|---|---|---|
| ১. | ইনসেপশন প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২. | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে |
| ৩. | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে |
| ৪. | চূড়ান্ত প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে |

১২. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।